

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮০৫

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (্ৣৄৣ) এর অর্থনৈতিক জীবন

আরবী

عَنْ سَهْلِ بْنِ سَعْدِ قَالَ: مَا رَأَى رَسُوْلُ اللهِ عَلَيْ النَّقِيَّ مِنْ حِينَ ابْتَعَقَهُ اللهُ حَتَّى قَبَضَهُ اللهُ قَالَ فَقُلْتُ هَلْ كَانَتْ لَكُمْ فِي عَهْدِ رَسُوْلِ اللهِ عَلَيْ مَنَاخِلُ قَالَ مَا رَأَى رَسُوْلُ اللهِ عَلَيْ مُنَاخِلُ قَالَ مَا رَأَى رَسُوْلُ اللهِ عَلَيْ مُنْخُلًا مِنْ حِينَ ابْتَعَتَهُ اللهُ حَتَّى قَبَضَهُ اللهُ قَالَ قُلْتُ كَيْفَ كُنْتُمْ تَأْكُلُونَ الشَّعِيرَ عَيْنَ مُنْخُولٍ قَالَ كُنَّا نَطْحَنُهُ وَنَنْفُخُهُ فَيَطِيرُ مَا طَارَ وَمَا بَقِيَ ثَرَّيْنَاهُ فَأَكُلُونَ الشَّعِيرَ غَيْرَ مَنْخُولٍ قَالَ كُنَّا نَطْحَنُهُ وَنَنْفُخُهُ فَيَطِيرُ مَا طَارَ وَمَا بَقِيَ ثَرَّيْنَاهُ فَأَكُلُونَ الشَّعِيرَ

বাংলা

(২৮০৫) সাহল ইবনে সা'দ (রাঃ) বলেন, আল্লাহ তাআলা যখন থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে (রসূলরূপে) পাঠিয়েছেন, তখন থেকে মৃত্যু পর্যন্ত (চালুনে চালা) ময়দা দেখেননি। অতঃপর জিজ্ঞাসা করা হল, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর যুগে কি আপনাদের আটা চালার চালুনি ছিল?' তিনি বললেন, 'আল্লাহ তাআলা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে (রসূলরূপে) পাঠানোর পর থেকে ইন্তেকাল পর্যন্ত তিনি আটা চালার চালুনি দেখেননি।' তাঁকে বলা হল, 'তাহলে আপনারা আচালা যবের আটা কিভাবে খেতেন?' তিনি বললেন, 'আমরা যব পিষে ফুঁক দিতাম, এতে যা উড়ার উড়ে যেত, আর যা অবশিষ্ট থাকত তা ভিজিয়ে খমীর বানাতাম।'

ফটনোট

(বুখারী ৫৪১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন